










AHCAB

# নিউজলেটার

# News letter

আহকাব নিউজ লেটার, ১৩ তম বর্ষ, ২১ তম সংখ্যা, বুধবার, ২৩ আগস্ট, ২০২৩

AHCAB Newsletter, 13th Year, 21st Issue, Wednesday, August 23, 2023

AHCAB

ANIMAL HEALTH COMPANIES
ASSOCIATION OF BANGLADESH

AHCAB

ANIMAL HEALTH COMPANIES ASSOCIATION OF BANGLADESH

ISSUE YEAR 13 VOL 21 OFFICIAL NEWSLETTER OF ANIMAL HEALTH COMPANIES ASSOCIATION OF BANGLADESH DHAKA BANGLADESH

# আহকাব প্রেসিডেন্টের বাণী



আহকাবের প্রথম ত্রৈমাসিক পত্রিকা "নিউজ লেটার" এর ২১তম সংখ্যা প্রকাশের সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাচ্ছি। দীর্ঘদিন বিরতির পর নিউজ লেটার নিয়মিত প্রকাশনার উদ্যোগ গ্রহণ করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

দেশের প্রাণীজ খাত একটি দ্রুত বর্ধনশীল খাত। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, সরকার এবং বিভিন্ন স্টেকহোল্ডারগণের সাথে পারস্পরিক যোগাযোগ ও সম্প্রীতির মেলবন্ধন সৃষ্টির মাধ্যমে এ খাতের সার্বিক অগ্রগতি ও বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলা সম্ভব এবং সে লক্ষ্যেই আহকাব কাজ করে যাচ্ছে। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত খসড়া 'ঔষধ ও কসমেটিকস্ আইন-২০২৩' বাস্তবায়ন করা হলে এদেশের প্রাণীজ খাত কঠিন সমস্যার মুখোমুখি হবে। এ সংক্রান্ত বিষয়ে সম্মানিত সদস্যগণের কাছ থেকে মূল্যবান মতামত ও সুপারিশ আহ্বান করা হচ্ছে। এছাড়া এইচএস কোড সংক্রান্ত বিষয়ে আহকাবের সম্মানিত সদস্যগণের মাঝে প্রায়শঃ ভুলবুঝাবুঝির সৃষ্টি হচ্ছে । এ সমস্যাটি নিরসনকল্পে আমরা শীঘ্রই সম্মানিত সদস্যগণের জন্য একটি ওয়ার্কশপের আয়োজন করতে যাচ্ছি যা সদস্যগনের ব্যবসায়িক কার্যক্রমকে আরো সহজ করতে সহায়ক হবে।

আপনারা সকলেই ইতোমধ্যে অবহিত হয়েছেন যে, আগামী ৩০ নভেম্বর হতে ২ ডিসেম্বর ২০২৩ইং তারিখে ইন্টারন্যাশানাল কনভেনশন সিটি বসুন্ধরা, ঢাকায় ৫ম আহকাব আন্তর্জাতিক মেলা-২০২৩ অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিগত ৪টি মেলার সাফল্যের ধারাবাহিকতায় এবারের মেলাকে আরোও সর্বাঙ্গিন সুন্দর করার প্রয়াসে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হচ্ছে। আমাদের সম্মানিত সদস্যগনের ঐকান্তিক প্রচেষ্টার ফলে আমরা আমাদের অভিষ্ট লক্ষ্যে পৌছুতে সক্ষম হবো ইনশাআল্লাহ।



সায়েম উল হক
প্রেসিডেন্ট, আহকাব

# মহাসচিবের বাণী



আহকাবের ত্রৈমাসিক নিউজলেটার পুনঃরায় নিয়মিতভাবে প্রকাশিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে সাধুবাদ জানাচ্ছি। নিউজ লেটারের ২০তম সংখ্যা প্রকাশিত হবার পর কোভিড সংক্রমন ও অন্যান্য কারণে নিউজ লেটার এর নিয়মিত প্রকাশ বন্ধ ছিল। এরি মাঝে আহকাবের অনেকগুলো কর্মকান্ড পরিচালিত হয়েছে। বিশেষ করে আহকাবের নির্বাচন, কার্যনির্বাহী কমিটির সভা, প্রাণীজ খাত সংক্রান্ত বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ের সাথে মতবিনিময় সহ অনেকগুলো কর্মকান্ড এরি মাঝে সম্পন্ন হয়েছে। এছাড়াও বিগত মাসগুলোতে আহকাব পরিবারে অনেক নতুন সদস্য যোগদান করেছেন। আমরা আহকাবের পক্ষ থেকে তাঁদের সকলকে স্বাগত জানাচ্ছি।

দেশের প্রাণীজ খাতের সার্বিক অগ্রগতি ও কল্যাণ এবং আপামর জনগনের জন্য নিরাপদ আমিষের জোগান নিশ্চিত করণের লক্ষ্যে আহকাব এর পক্ষ থেকে ২০১২ সাল থেকে আন্তর্জাতিক মেলা আয়োজন করে আসছি। ইতোমধ্যে আমাদের ৪টি আন্তর্জাতিক মেলা অত্যন্ত সফলভাবে সম্পন্ন হয়েছে । আমাদের ৫ম আহকাব আন্তর্জাতিক মেলা-২০২৩ আগামী ৩০ নভেম্বর থেকে ২ ডিসেম্বর ২০২৩ইং তারিখে ইন্টারন্যাশানাল কনভেনশন সিটি বসুন্ধরা, ঢাকায় অনুষ্ঠিত হবে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি সকলের সম্মিলিত প্রয়াসের মাধ্যমে আমরা অবশ্যই দেশের প্রাণীজ খাতকে আরো সমৃদ্ধ করতে সক্ষম হবো ইনশাআল্লাহ।

দেশের প্রাণীজ খাত সম্পৃক্ত বিষয়ে প্রায়শঃ বিভিন্ন ধরণের নীতিমালা সরকার কর্তৃক প্রণয়ণ করা হয়ে থাকে। অতিসম্প্রতি ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক খসড়া ‘ঔষধ ও কসমেটিকস্ আইন ২০২৩’ প্রণয়ণ করেছে এবং পাশের নিমিত্তে জাতীয় সংসদে উত্থাপন করা হয়েছে। উক্ত আইনের কতিপয় ব্যাখ্যা ও ধারা প্রাণীজ খাতের বিদ্যমান আইনের সাথে সাংঘর্ষিক। উক্ত আইনটি পাশ হলে দেশের প্রাণীজ খাত নতুন করে সমস্যার সন্মুখিন হবে। উক্ত আইনের যথাযথ সংশোধন ও বিয়োজন সংক্রান্ত বিষয়ে অত্র এসোসিয়েশন অন্যান্য সহযোগী সংগঠনের সাথে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।


আহকাব সচিবালয় আহকাবের সার্বিক উন্নয়নের লক্ষ্যে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। আমাদের এই ত্রৈমাসিক পত্রিকাটির মানোন্নয়নের লক্ষ্যে আমাদের সন্মানিত সদস্যগণ অবশ্যই তাঁদের সুচিন্তিত মতামত প্রদান অব্যাহত রেখে আমাদের সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন বলে আশা রাখি।

মোহাম্মদ আফতাব আলম
মহাসচিব, আহকাব

## ANIMAL HEALTH COMPANIES ASSOCIATION OF BANGLADESH

AHCAB

ISSUE YEAR 13 VOL 21 OFFICIAL NEWSLETTER OF ANIMAL HEALTH COMPANIES ASSOCIATION OF BANGLADESH DHAKA BANGLADESH


# ২০তম বার্ষিক সাধারণ সভা ও অভিষেক অনুষ্ঠান









আহকাব এর ২০তম বার্ষিক সাধারণ সভা গত ২১শে মার্চ ২০২৩ইং গ্র্যান্ড বল রুম, লি মেরিডিয়ান ঢাকা, বিমানবন্দর সড়ক, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আহকাব এর সন্মানিত সদস্যগণ অংশগ্রহণ করেন এবং দেশের প্রাণীজ খাতের সার্বিক উন্নতির জন্য তাঁদের সুচিন্তিত মতামত উপস্থাপন করেন। বার্ষিক সাধারণ সভার পর নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির অভিষেক অনুষ্ঠিত হয়। অভিষেক অনুষ্ঠানে প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও আহকাব প্রাক্তন সভাপতিগণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

# বিদায়ী ও নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যগনের যৌথ সভা







গত ১৫ এপ্রিল ২০২৩ইং তারিখে দি মাষ্টার শেফ বিবিকিউ, বাফওয়া শপিং কমপ্লেক্স, বিমান বন্দর সড়ক, ঢাকায় আহকাব এর সদ্য বিদায়ী এবং নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যগণের সমন্বয়ে একটি যৌথ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সদ্য বিদায়ী কার্যনির্বাহী কমিটির সদস্যগণ আহকাব এবং বাংলাদেশের প্রাণীজ খাতের সার্বিক অগ্রগতি লক্ষ্যে তাঁদের সুচিন্তিত মতামত প্রদান করেন। নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যগণ আহকাব সদস্যগণের সার্বিক কল্যাণ ও দেশের প্রাণীজ খাতের সার্বিক অগ্রগতি ও উন্নয়ণের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে দৃঢ়প্রত্যয় ব্যক্ত করেন। বিশেষ করে সরকারের বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা যেমন, জাতীয় রাজস্ব বোর্ড, ঔষধ প্রশাসন অধিদপ্তর, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অধিদপ্তর, বিভিন্ন বন্দর সমূহ এবং প্রাণীজ খাতের অন্যান্য এসোসিয়েশন সমূহের সাথে আরো পারস্পরিক যোগাযোগের মাধ্যমে সম্পর্ক উন্নয়ণের বিষয়ে ঐক্যমত পোষণ করেন।



# মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সৌজন্য সাক্ষাৎ





অত্র এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যগণ গত ২০শে মে ২০২৩ইং তারিখে ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। উক্ত সাক্ষাতে প্রাণীজ পুষ্টি পণ্য আমদানীর লক্ষ্যে অনুষ্ঠিত সভা, ঔষধ প্রশাসন অধিদপ্তরের সাথে ভ্যাকসিন আমদানী এবং অন্যান্য বিষয় সম্পর্কে মতবিনিময় করেন। মহাপরিচালক মহোদয় দেশের প্রাণীজ খাতের সার্বিক কল্যান ও অগ্রগতির লক্ষ্যে তাঁর পক্ষ থেকে সম্ভাব্য সর্বোচ্চ প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে আশ্বস্থ করেন।

# ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বাজেট প্রস্তাব

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে অত্র এসোসিয়েশন হতে প্রস্তাব আহ্বান করা হলে দেশের প্রাণীজ খাতের জন্য কতিপয় নতুন পণ্য সংযোজন, আমদানীকৃত পণ্য সমূহের অনুকুলে বিপণণ পর্যায়ে বিদ্যমান ভ্যাট প্রত্যাহার এবং কতিপয় পণ্যের এইচএস কোড সংশোধনের প্রস্তাব প্রেরণ করে। এতদসংক্রান্ত বিষয়ে গত ৫ মার্চ ২০২৩ইং তারিখে অত্র এসোসিয়েশনের সাথে জাতীয় রাজস্ব বোর্ডের সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈশ্বিক অর্থনীতির ক্রান্তিকাল বিবেচনায় রাজস্ব আহরণের বিষয়টি বিবেচনায় দেশের প্রাণীজ খাতের জন্য ইতোপূর্ব হতে বিদ্যমান রেয়াতী সুবিধাদী অব্যাহত রাখা হয় এবং কতিপয় নতুন পণ্য সংযোজন করে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এসআরও জারী করা হয়।

# বিভিন্ন উপ-কমিটি গঠন

আহকাব সদস্যগণকে সর্বোচ্চ সেবাদান এবং দেশের প্রাণীজ খাতের অরোও উন্নয়ণ সমৃদ্ধির লক্ষ্যে কর্মপদ্ধতি প্রণয়ণ ও বাস্তবায়নের লক্ষ্যে গত ২ মে ২০২৩ইং তারিখে ২০৬তম কার্যনির্বাহী কমিটিতে বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়। উক্ত উপ-কমিটির মধ্যে অন্যতম হলো উপদেষ্টা কমিটি, প্রাণিসম্পদ অধিদপ্তর সংক্রান্ত সাব-কমিটি, ঔষধ প্রশাসন অধিদপ্তর ও ঔষধ সামগ্রী সংক্রান্ত উপ-কমিটি, মেম্বারশীপ সাব-কমিটি, আর্বিটেশন সাব-কমিটি এবং বিভিন্ন মন্ত্রণালয়, রাজস্ব বোর্ড ও বন্দর সংক্রান্ত সাব-কমিটি। কমিটির সদস্যগণ আহকাব কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

# মৎস্য ও প্রাণীজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ






গত ১৪ই জুন ২০২৩ইং তারিখে জনাব শ.ম. রেজাউল করিম, এমপি, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সাথে অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যগণের সাক্ষাত মন্ত্রী মহোদয়ের দপ্তরে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দেশের প্রাণীজ খাতের সার্বিক অগ্রগতি ও বিভিন্ন প্রতিকুলতা সংক্রান্ত বিষয়ে মতবিনিময় হয়। বিশেষ করে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক ভ্যাকসিন আমদানী এবং চাহিদাকৃত এনওসি এর পরিমান কর্তন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। মাননীয় মন্ত্রী মহোদয় এসংক্রান্ত বিষয়ে তাঁর পক্ষ থেকে সর্বাত্মক সহায়তা প্রদান করবেন মর্মে আশ্বস্থ করেন।

## ৫ম আহকাব আন্তর্জাতিক মেলা-২০২৩

আগামী ৩০ নভেম্বর, ১-২ ডিসেম্বর ২০২৩ইং তারিখে ৫ম আহকাব আন্তর্জাতিক মেলা-২০২৩ বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টার, ঢাকায় অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে উক্ত মেলার স্টল বুকিং এর প্রায় ৯০% সম্পন্ন হয়েছে এবং মেলার স্থান বুকিং ও সম্পন্ন হয়েছে। মেলায় চীন, ভারত, স্পেন, কোরিয়া, মিশর, ভিয়েতনাম, থাইল্যান্ড, জার্মানী, পোল্যান্ড এবং রোমানীয়ার ৬৫টি প্রতিষ্ঠান প্রায় ১৬০টি ষ্টলে অংশগ্রহণ করছে। এ মেলায় প্রায় ৫০০টি ষ্টল এর সুবিধা রাখা হয়েছে যেখানে দেশের প্রায় স্বনামধন্য উৎপাদন ও আমদানীকারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করছে। মেলার কার্যক্রমকে আরো সুচারুরূপে সম্পন্নের লক্ষ্যে গত ১৭ জুন ২০২৩ইং তারিখে ২০৭তম কার্যনির্বাহী কমিটিতে বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির মধ্যে উল্লেখযোগ্য হলো ঃ ভেন্যু ম্যানেজমেন্ট উপ-কমিটি, আইটি ও মিডিয়া সমন্বয় উপ-কমিটি, ব্র্যান্ডিং উপ-কমিটি, মুদ্রন ও প্রকাশনা উপ-কমিটি, আন্তর্জাতিক প্রোমোশন ও অতিথি অভ্যর্থনা উপ-কমিটি এবং খাদ্য ও সাংস্কৃতি সংক্রান্ত উপ-কমিটি।

## বিভিন্ন এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সাথে টীম আহকাব এর মতবিনিময়







বাংলাদেশের প্রাণিজ খাতে সেবাদানকারী বিভিন্ন এসোসিয়েশনের সাথে সম্পর্কোন্নয়ন, যে কোন সমস্যা সম্মিলিতিভাবে সমাধানের প্রচেষ্টা এবং আসন্ন ৫ম আহকাব আন্তর্জাতিক মেলাকে সাফল্যমন্ডিত করণের লক্ষ্যে অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যগণের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

প্রথমেই, গত ১৮ই জুলাই ২০২৩ইং তারিখে ওয়াপসা-বিবি এর কার্যনির্বাহী কমিটির সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ফিআব এর কার্যনির্বাহী কমিটির সদস্যগণও উপস্থিত ছিলেন। আসন্ন ৫ম আহকাব আন্তর্জাতিক মেলায় ওয়াপসা-বিবি এবং ফিআব এর পক্ষ থেকে সর্বাত্মক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করা হয়।






গত ২রা আগস্ট ২০২৩ইং তারিখে বাংলাদেশ আকোয়া প্রডাক্টস কোম্পানীজ এসোসিয়েশনের (বাপকা) কার্যনির্বাহী কমিটির সাথে অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যগণের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস, ড্রাগস্ সংক্রান্ত বিভিন্ন জটিলতার নিরসনের লক্ষ্যে একযোগে কাজকরার বিষয়ে ঐক্যমত পোষন করা হয়। এছাড়া আহকাব এর আসন্ন ৫ম আহকাব আন্তর্জাতিক মেলায় বাপকা'র পক্ষ থেকে সর্বাত্মক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করা হয়।



গত ৫ আগস্ট ২০২৩ইং তারিখে বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের (বিপিআইএ) এর কার্যনির্বাহী কমিটির সাথে সাথে অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যগণের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় দেশের প্রাণীজ খাতের বিভিন্ন বিষয়াদি নিয়ে মতবিনিময় অনুষ্ঠিত হয়। এছাড়াও আহকাব এর আসন্ন ৫ম আহকাব আন্তর্জাতিক মেলায় বিপিআইএ'র পক্ষ থেকে সর্বাত্মক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করা হয়।




# আহকাব এর নতুন সদস্য

বিগত মার্চ ২০২৩ইং হতে নিম্নবর্ণিত কোম্পানী সমূহ আহকাব-এ নতুন সদস্য হিসেবে যোগদান করেন। তাঁদের সকলকে আহকাব পরিবারে স্বাগতম।



**জনাব মোঃ জাহাঙ্গীর আলম**
প্রোপ্রাইটর
জে আর এগ্রোভেট
শাহ আব্দুল করিম রোড, যশোর
মোবাইলঃ ০১৭১৮৮০২৬৪৭



**জনাব মোঃ শাহ আলম**
প্রোপ্রাইটর
আলিফ ট্রেড ইন্টারন্যাশানাল
খ-১০৯/৯/ডি, টানপাড়া,
খিলক্ষেত, ঢাকা-১২২৯
মোবাইল ঃ ০১৭১২৭৩৩৩৫৭



**জনাব জাকির হোসেন**
ম্যানেজিং পার্টনার
ভেটমেন্টর এ্যানিমেল হেল্থ
প্লট-৩২/সি, ট্রপিক্যাল আলাউদ্দিন টাওয়ার
রুম-১১/ই, রোড-২, সেক্টর-৩
উত্তরা, ঢাকা-১২৩০
মোবাইল ঃ ০১৯১২৭২৩৬৩৪



**জনাব সফিকুজ্জামান**
ম্যানেজিং ডিরেক্টর
চেমবায়ো টেক লিমিটেড
বাড়ী-১/এ, দোকান-জি/৬৯
ইষ্টার্ণ বনবিধি শপিং কমপ্লেক্স
দক্ষিন বনশ্রী,
খিলগাঁও, ঢাকা-১২১৯
মোবাইলঃ ০১৭১৩২১৩৯৬৬



**জনাব আবুল ফজল**
প্রোপ্রাইটর
ষ্টার এগ্রো প্রডাক্টস্
তারাকান্দা বাজার,
তারাকান্দা, ময়মনসিংহ
মোবাইল ঃ
০১৭১৫১১১০৯৭



**মিসেস শারমীন সহিদুল্লাহ**
প্রোপ্রাইটর
এফএইচএল কর্পোরেশন
বাড়ী-১২৫, রোড-০১,
এ্যাভিনিউ-০৩,
ডিওএইচএস মিরপুর
ঢাকা-১২১৬
মোবাইল ঃ
০১৭১২২৯৫১১৪



**জনাব জাহাঙ্গীর আলম**
প্রোপ্রাইটর
নিউরন এ্যানিমেল হেল্থ
বি-৫, রারীবাড়ী, সাভার, ঢাকা
মোবাইলঃ
০১৭৪৩২৯৭৮৩০